অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

# সংশোধিত বিজ্ঞপ্তি নং- ২১১, তারিখ : ০২/১১/২০২৫ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স-৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ:

| বিষয় | ফরম পূরণ ফি | সেশন ফি ৩য় বর্ষের | অনার্স-৪র্থ বর্ষ প্রাক-নির্বাচনী ও নির্বাচনী ফি | অনার্স-৪র্থ বর্ষের ইনকোর্স ফি | সর্বমোট | গ্রেড উন্নয়ন/অকৃতকার্য |
|---|---|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা (নিয়মিত) → | ৩০৫০ | ১৫৭৫ | ১০৮০ | ৩০০ | ৬০০৫/- | ০১ পত্র = ১৪০০/-<br>০২ পত্র = ১৭০০/-<br>০৩ পত্র = ২০০০/-<br>০৪ পত্র = ২৩০০/-<br>০৫ পত্র = ২৬০০/- |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৩৬৫০ | ১৫৭৫ | ১০৮০ | ৩০০ | ৬৬০৫/- | |
| পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত, ভূগোল ও পরিবেশ (নিয়মিত) → | ৩২২৫ | ১৭০০ | ৯৬০ | ৩০০ | ৬১৮৫/- | |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৩৮২৫ | ১৭০০ | ৯৬০ | ৩০০ | ৬৭৮৫/- | |
| রসায়নবিদ্যা (নিয়মিত) → | ৩৭০০ | ১৭০০ | ৯৬০ | ৩০০ | ৬৬৬০/- | |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) | ৪৩০০ | ১৭০০ | ৯৬০ | ৩০০ | ৭২৬০/- | |

বি.দ্রঃ ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি-এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি- ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

| | |
|---|---|
| পরীক্ষার ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ : | অনলাইনে ফরম পূরণের তারিখ: ০২/১১/২০২৫ তারিখ হতে ১০/১১/২০২৫ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ : ০৬/১১/২০২৫ তারিখ হতে ১২/১১/২০২৫ তারিখ পর্যন্ত। |
| পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী : | ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট: www.nubd.info/honours অথবা http://ems.nu.ac.bd/- Student Login এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: নিয়মিত পরীক্ষার্থীদের জন্য : | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী যারা ২০২৩ সালের অনার্স-২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তারা ২০২৪ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য : | ২০১৭-২০১৮,২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স-২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি, সেসকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে। |
| গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য : | যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অনার্স-৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোনো একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৩ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C বা D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোনো দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে পরীক্ষা দিতে পারবে। যদি কোনো পরীক্ষার্থী গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে। |
| পরীক্ষার ফরম পূরণের ফি জমাদানের নিয়মাবলী: | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি/পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতঃপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর/ক্লাস রোল নম্বর (১৩ ডিজিটের) লিখে Month- November-25 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৬/১১/২০২৫ তারিখ হতে ১২/১১/২০২৫ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে।<br>মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরমপূরণের ক্ষেত্রেঃ ফরম পূরণ করার জন্য কলেজ ওয়েব সাইট www.chandpurcollege.edu.bd প্রবেশ করে Improvement Form Fill-up–এ ক্লিক করে User ID- cgestudent এবং Password- cgestudent দিয়ে লগইন করে Improvement Form Fill-up–এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View Charge and Course Detail –এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করে প্রিন্ট অপশনে ক্লিক করলেই টাকা পেমেন্ট করা যাবে। তবে প্রিন্ট নেওয়ার প্রয়োজন নেই। |
| সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার ফরম জমা দেওয়ার নিয়মাবলী: | Payment সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে ফরমপূরণ ফি পরিশোধের Payment কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অনার্স ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফল শীটের ফটোকপি এবং ইতোপূর্বে অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে, তাদের ফরম পূরণের ফি এর পেমেন্ট কপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে ০৬/১১/২০২৫ তারিখ হতে ১২/১১/২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। |
| ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী: | শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা অনার্স-১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা বিশেষ ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোনো প্রয়োজন হবে না এবং কোনো পরীক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোনো অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।<br>উক্ত পরীক্ষার্থীদের ফরমপূরণ ফি-৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাকা)। |

◎ ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

৫। সিলেবাস : ২০২৪ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬। ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান,সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।

02/11/25

(প্রফেসর এ. কে. এম. আবদুল মান্নান)
প্রফেসর এ.কে.এম আবদুল মান্নান
অধ্যক্ষ (অধ্যক্ষ)
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

2/11/25